

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ক্যাম্পাস | 27 April, 2025

এক ঘন্টা পর ঢাকা-ময়মনসিংহ রেললাইন ট্রেন চলাচল শুরু হয়েছে।

এর আগে শনিবার (২৬ এপ্রিল) রাত পৌনে ৯ টার দিকে তারাকান্দি থেকে ছেড়ে আসা ঢাকাগামী অগ্নীবীণা এক্সপ্রেস ট্রেন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের জব্বারের মোড়ে অবরোধ করে। পরে রাত পৌনে ১০ টার দিকে অবরোধ তুলে নেয় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

সূত্র জানায়, পিএসসি সংস্কার ও প্রশ্নফাঁস জড়িতদের শাস্তির দাবিতে অনশনরত শিক্ষার্থীদের সাথে সংহতি জানিয়ে ঢাকা-ময়মনসিংহ রেললাইন অবরোধ করা হয়। পরে স্থানীয় প্রশাসনের আশ্বাসে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রেললাইন থেকে সরে আসে।

ময়মনসিংহ রেলওয়ে স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আক্তার হোসেন বলেন, পিএসসি সংস্কার ও প্রশ্নফাঁস জড়িতদের শাস্তির দাবিতে ঢাকাগামী অগ্নীবীণা ট্রেনটি অবরোধ করেছে বাকুবি (বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়) শিক্ষার্থীরা। পরে সংশ্লিষ্ট কর্মকর্তাদের আশ্বাসে রেললাইন থেকে সরে আসে শিক্ষার্থীরা।

রেললাইন ময়মনসিংহ বিশ্ববিদ্যালয়